



# Cooch Behar Panchanan Barma University

Vivekananda Street, Cooch Behar- 736101, West Bengal

Phone: 03582-230111

Email: coe@cbpbu.ac.in Website: www.cbpbu.ac.in

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATION

Reference No. CBPBU/CE/Notice/Guidelines/0895/F2/2020

Date: 22.09.2020.

## বিজ্ঞপ্তিপত্র

কোভিড-১৯, বিশ্বব্যাপি মহামারী কালীন বিশেষ পরিস্থিতিতে ব্যাকলগ পত্রগুলি (দ্বিতীয় ও চতুর্থ অর্ধবর্ষ এবং স্নাতক পার্ট -২) সহ স্নাতক ও স্নাতকোত্তর স্তরের টারমিনাল সেমিস্টার/ ফাইনাল ইয়ার পরীক্ষা গুলির, ২০১৯-২০২০ সংক্রান্ত সংশোধিত নির্দেশাবলি:

১. ব্যাকলগ পত্রগুলি (দ্বিতীয় ও চতুর্থ অর্ধবর্ষ এবং স্নাতক পার্ট -২) সহ স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর পরীক্ষা গুলি চালনা হবে অনলাইনের মাধ্যমে। এই পরীক্ষায় পরীক্ষার্থী তাদের বাড়ি থেকে অথবা অন্য যে কোন স্থান থেকে পরীক্ষা দেবে।

২. পরীক্ষার্থী কে সম্পূর্ণ পরীক্ষা চলাকালীন সব সময়ের জন্য অনলাইনে থাকার প্রয়োজন নেই। ইন্টারনেট সংযোগসহ একটি ব্যক্তিগত কম্পিউটার/ ল্যাপটপ /মোবাইল ফোন-এর প্রয়োজন: ক. পোর্টাল থেকে প্রস্তুত ডাউনলোডের জন্য, খ. হাতে লেখা উত্তরপত্র পোর্টালে আপলোডের জন্য।

৩. ব্যাকলগ পত্রগুলি (দ্বিতীয় ও চতুর্থ অর্ধবর্ষ এবং স্নাতক পার্ট -২) সহ স্নাতক ও স্নাতকোত্তর টারমিনাল সেমিস্টার/ ফাইনাল ইয়ার পরীক্ষা গুলির, ২০১৯-২০২০ পরীক্ষার সূচি অনুযায়ী প্রস্তুত গুলি পাওয়া যাবে [www.cbpbu.net](http://www.cbpbu.net) অনলাইনে।

৪. পরীক্ষার্থীদেরকে বিষয়ভিত্তিক প্রস্তুতগুলি ডাউনলোড করতে হবে তাদের রেজিস্ট্রেশন নং, পরীক্ষার রোল নং এবং ক্যাপচা(captcha) এর মাধ্যমে login করে। একই পদ্ধতিতে পরীক্ষার্থীরা পরীক্ষা সূচি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের বিষয়ভিত্তিক উত্তরপত্র গুলি pdf (একটি ফাইল)/jpg format এ আপলোড করবে। উত্তরপত্র গুলি আপলোডের আগে বৈধ মোবাইল নম্বর দিতে হবে।

৫. পরীক্ষা শুরুর (১৫) মিনিট আগেই পরীক্ষার্থীদের login করার পরামর্শ দেওয়া হচ্ছে।

৬. পরীক্ষা সংক্রান্ত কোনো অসুবিধার সম্মুখীন হলে জরুরী ভিত্তিতে স্নাতক স্তরের পরীক্ষার্থীরা তাদের সংশ্লিষ্ট কলেজে নির্দিষ্ট পরীক্ষার দিনে বিকেল ৫ টার মধ্যে যোগাযোগ করবে।

৭. পরীক্ষা সংক্রান্ত কোনো অসুবিধার সম্মুখীন হলে জরুরী ভিত্তিতে B.LIS এবং স্নাতকোত্তর স্তরে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট পরীক্ষার দিনে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করবে।

৮. নিয়ম অনুযায়ী অনুমোদিত লেখক ছাড়া, পরীক্ষার্থীরা উত্তরপত্র গুলি নিজের হাতে লিখবে। **টাইপ করা উত্তর পত্র গুলি গ্রহণ করা হবে না।** উত্তরপত্র গুলি হবে A4 সাইজ পেপারের সাদা কাগজে, হাতের লেখা (একদিক ব্যবহার হবে, পেপারের দুই দিকেই লেখা যাবে না), কালো অথবা নীল রং এর ball point পেন দিয়ে লিখতে হবে।



# Cooch Behar Panchanan Barma University

Vivekananda Street, Cooch Behar- 736101, West Bengal  
Phone: 03582-230111  
Email: coe@cbpbu.ac.in Website: www.cbpbu.ac.in

## OFFICE OF THE CONTROLLER OF EXAMINATION

৯. প্রত্যেকটি প্রশ্নের উত্তর লিখতে হবে নতুন পাতায়। উত্তর পত্রগুলির সমস্ত পাতায় পাতা নম্বর এবং পরীক্ষার রোল নং লিখতে হবে।

১০. পরীক্ষার্থীদেরকে উত্তরপত্রের প্রথম পাতায় পরীক্ষার্থীর পরীক্ষার নাম, সেমিস্টার/পার্ট, কোর্স, রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার রোল নম্বর, বিষয়, পেপার কোড, পেপার টাইপ (থিওরি/ প্র্যাকটিক্যাল/ প্রজেক্ট) এবং তারিখ লিখতে হবে।

১১. পোর্টালে উত্তরপত্র গুলি আপলোডের পর পরীক্ষার্থীরা আপলোড হওয়া পাতাগুলির নম্বরসহ স্পষ্টতা দেখার জন্য চূড়ান্তভাবে জমা দেওয়ার পূর্বে সব পাতাগুলির preview যাচাই করে নিতে হবে। পোর্টালে উত্তরপত্র গুলি চূড়ান্তভাবে জমা করার পর কোন পরিবর্তন/পুনরায় জমা হবে না।

১২. সকল পরীক্ষার্থীদের সুনিশ্চিত হতে হবে যে, তারা তাদের সংশ্লিষ্ট কোর্সের পরীক্ষার ফর্ম যথাযথ ভাবে পূরণ করেছে।

১৩. বিশ্ববিদ্যালয়ের নেওয়া পরীক্ষায় যদি কোনো পরীক্ষার্থী টারমিনাল সেমিস্টার/ ফাইনাল ইয়ার পরীক্ষা যেকোনো কারণে দিতে না পারে, তাহলে বিশ্ববিদ্যালয় সময় মত সেই কোর্স গুলি/পত্র গুলির পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করতে পারে, যাতে কোনো ছাত্রছাত্রী সমস্যা/অসুবিধায় না পড়ে। উপরের ঐ সুবিধা শুধুমাত্র বর্তমান শিক্ষাবর্ষের ২০১৯-২০২০ ছাত্র-ছাত্রীদের জন্য শুধুমাত্র একবারের জন্য প্রযোজ্য হবে।

১৪. এই সংক্রান্ত সমস্ত তথ্যাদি কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে, যা একমাত্র নির্ভরযোগ্য এবং প্রমাণ হিসেবে বিবেচ্য হবে।

১৫. উপরের নির্দেশাবলি শুধুমাত্র ব্যাকলগ পত্রগুলি (দ্বিতীয় ও চতুর্থ অর্ধবর্ষ এবং স্নাতক পার্ট -২) সহ টারমিনাল সেমিস্টার/ ফাইনাল ইয়ার স্নাতক ও স্নাতকোত্তর স্তরের ২০১৯-২০২০ ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য।

আমাদের প্রিয় ছাত্রছাত্রীরা যাতে তাদের ভবিষ্যৎ লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারে, সেইজন্য এই সংকটকালে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় ব্যাকলগ পত্রগুলি (দ্বিতীয় ও চতুর্থ অর্ধবর্ষ এবং স্নাতক পার্ট -২) সহ স্নাতক ও স্নাতকোত্তর স্তরের অর্ধবর্ষ/চূড়ান্ত বর্ষের ২০১৯-২০২০ পরীক্ষা নিচ্ছে এবং ৩১ অক্টোবর ২০২০ মধ্যে ফল ঘোষণা করবে।

  
পরীক্ষা নিয়ামক

কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়